

বিএসএমএমইউ-এর বায়োকেমিস্ট্রি বিভাগের সাবেক বিভাগীয় প্রধান অধ্যাপক
ডা. মোঃ ইসহাক চৌধুরীর নামাজে জানাযা অনুষ্ঠিত মাননীয় উপাচার্য
মহোদয়ের শ্রদ্ধাঞ্জলি নিবেদন

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-এর সাবেক বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. মোঃ ইসহাক চৌধুরী-এর নামাজে জানাজা আজ মঙ্গলবার ৯ জানুয়ারি ২০১৮, সকাল ১০টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে অনুষ্ঠিত হয়। এতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী, চিকিৎসক, কর্মকর্তা, ব্রাদার, মেডিক্যাল টেকনোলজিস্ট ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। নামাজে জানাযা শেষে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, মরহুম অধ্যাপক ডা. মোঃ ইসহাক চৌধুরী-এর কফিনে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এসময় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ আবু নাসার রিজভী, পরিচালক (মানবসম্পদ) ডা. জামাল উদ্দিন খলিফা, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. একেএম সালেহ প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গত রবিবার ৭ জানুয়ারি ২০১৮, বিকেল ৩টায় এ বিশ্ববিদ্যালয়ের কার্ডিওলজি বিভাগে সিসিইউতে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি...রাজিউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী, ২ ছেলে, ৩ মেয়ে, আত্মীয়-স্বজনসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। মরহুম অধ্যাপক ডা. ইসহাক চৌধুরীকে তাঁর গ্রামের বাড়ির চাঁদপুরের মতলবে নামাজে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা করা হবে।